১৫

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 15 JUN 1997 ... পৃষ্ঠা ১ কলাম ৬

# শিক্ষা প্রতিষ্ঠানে সাপ্তাহিক ছুটি একদিন

ইত্তেফাক রিপোর্ট ॥ পূর্বের নিয়ম অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে একদিন সাপ্তাহিক ছুটি রাখা হইতেছে। সরকার দুইদিনের সাপ্তাহিক ছুটি ঘোষণা করার দেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহেও এই নিয়ম চালু

(১৫শ পৃঃ ২-এর কঃদ্রঃ)

## শিক্ষা প্রতিষ্ঠানে

(১ম পৃঃ পর)

করা হয়। কয়েকদিন আগে শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেকের সভাপতিত্বে সাপ্তাহিক ছুটির বিষয় নিয়া বিশদ আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয় যে, শিক্ষা প্রতিষ্ঠান সমূহে দুইদিনের সপ্তাহিক ছুটি বলবৎ রাখা ঠিক হইবে না। পূর্বের নিয়ম অনুযায়ী শুক্রবারই একদিন সপ্তাহিক ছুটি থাকিবে। সরকারী-বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানি বিশেষ করিয়া স্কুল কলেজের ক্ষেত্রে অবিলম্বে নূতন এই সিদ্ধান্ত বলবৎ করা হইবে। তবে দেশের স্বায়ত্তশাসিত শিক্ষা প্রতিষ্ঠান বিশেষ করিয়া বিশ্ববিদ্যালয়সমূহে সাপ্তাহিক ছুটির ক্ষেত্রে সরকার কোন সিদ্ধান্ত চাপাইয়া দিবে না। বিশ্ববিদ্যালয়সমূহের সিণ্ডিকেট এই ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেট ইতিমধ্যেই পূর্বের নিয়ম অনুযায়ী ১ দিন অর্থাৎ শুক্রবার সাপ্তাহিক ছুটি পালনের সিদ্ধান্ত ঘোষণা করিয়াছে।

খোঁজ নিয়া দেখা গিয়াছে এস, এস-সি, এইচ,এস-সি, ডিগ্রী পরীক্ষা, গ্রীষ্ম, শীত, বর্ষা, পবিত্র রমজান, ঈদ উৎসবসহ নানা কারণে দেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বৎসরের প্রায় অর্ধেক দিন ছুটি কাটায়। বিভিন্ন দিবস উপলক্ষে নির্ধারিত ছুটি রহিয়াছে ৮৫ দিন। ইহাছাড়া রহিয়াছে ৫২টি শুক্রবার। স্কুল-কলেজসমূহে এস এস সি সহ বিভিন্ন পরীক্ষার কারণে বন্ধ থাকে আরও প্রায় ৯০ দিন। সরকার অফিস আদালতসমূহে দুই দিনের সাপ্তাহিক ছুটি ঘোষণা করার পর শিক্ষা মন্ত্রণালয় বিপাকে পড়িয়া যায়। তাৎক্ষণিক ভাবে দুই দিনের সাপ্তাহিক ছুটি কার্যকর করার প্রাথমিক সিদ্ধান্ত ঘোষিত হয়। একটি সূত্র জানায়, একদিনের সাপ্তাহিক ছুটি কার্যকর করার ব্যাপারে চলতি সপ্তাহে মন্ত্রণালয় সার্কুলার জারি করিবে।